



# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা।

প্রশাসন পরিপত্র-১২/২০১৫


তারিখ : ২৯/০৪/২০১৫

**বিষয়ঃ প্রবাসী কল্যাণ ব্যাংকের কর্মচারী কল্যাণ তহবিল গঠন এবং উক্ত তহবিল হতে কর্মকর্তা-কর্মচারীদের আর্থিক অনুদান প্রদান।**

এতদ বিষয়ে প্রবাসী কল্যাণ ব্যাংকে কর্মরত স্থায়ী কর্মকর্তা-কর্মচারীদের কল্যাণ তহবিল গঠনের জন্য পরিচালনা পর্ষদের ২৮তম সভায় নীতিমালা উপস্থাপন করা হলে পরিচালনা পর্ষদ তা অনুমোদন করে। উক্ত নীতিমালা মোতাবেক অত্র ব্যাংকে কর্মরত সকল স্থায়ী কর্মকর্তা-কর্মচারীদের প্রতি মাসে বেতন-ভাতাদি প্রদানের সময় কর্মকর্তা-কর্মচারী কল্যাণ তহবিল (Benovolent Fund) এর নীতিমালা অনুযায়ী কর্তনের জন্য পরামর্শ প্রদান করা হলো।

সংযুক্তি: (১) কল্যাণ তহবিল নীতিমালা।  
(২) সফটওয়্যার পোষ্টিং নিয়মাবলী।

অনুমোদনক্রমে,

  
(হাসনা হেনা পারভীন)  
হেড অব এইচ আর

দেশে ও প্রবাসে আপনারই পাশে

## অনুলিপিঃ

- ০১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। সকল বিভাগীয় কর্মকর্তা।
- ০৪। শাখা ব্যবস্থাপক, প্রবাসী কল্যাণ ব্যাংক, সকল শাখা।
- ০৫। অফিস কপি।



# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

মানব সম্পদ বিভাগ

তারিখ: ২৩/০৩/২০১৫ খ্রিঃ

**আলোচ্য সূচী নং-২৮.০৮ঃ প্রবাসী কল্যাণ ব্যাংকের কর্মচারী কল্যাণ তহবিল গঠন এবং উক্ত তহবিল হতে কর্মকর্তা-কর্মচারীদের আর্থিক অনুদান প্রদান।**

২০ এপ্রিল ২০১১ খ্রিঃ তারিখে প্রবাসী কল্যাণ ব্যাংকের আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়। কার্যক্রম শুরু হওয়ার পর অত্র ব্যাংকের কার্যক্রম দিনে দিনে বৃদ্ধি পাচ্ছে এবং একই সাথে জনবল বৃদ্ধি পাচ্ছে। অত্র ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে যদি কোন সদস্য মৃত্যুবরণ করে বা তার পরিবারের অন্য সদস্য (স্বামী/স্ত্রী, ছেলে/মেয়ে, পিতা/মাতা) দুরারোগ্য ব্যাধি (ক্যান্সার, ওপেন হার্ট সার্জারী, কিডনী প্রতিস্থাপন, কিডনী ডায়ালাইসিস, ধনুষ্টংকার, লিউকেমিয়া, এইডস, লিভার সিরোসিস, দুর্ঘটনা জনিত অঙ্গহানি, বাকশক্তি হারিয়ে ফেলা, দৃষ্টিশক্তি সম্পূর্ণ নষ্ট হয়ে যাওয়া এবং জটিল ব্যয়বহুল রোগ), শারীরিক বা মানসিক ভাবে অক্ষম হয় ঐ সকল কর্মকর্তা-কর্মচারীদের কোন প্রকার অনুদান প্রদানের ব্যবস্থা না থাকায় প্রবাসী কল্যাণ ব্যাংক কর্মকর্তা-কর্মচারী কল্যাণ তহবিল নীতিমালা প্রণয়ন করা যেতে পারে। নিম্নে নীতিমালার কার্যাবলী উপস্থাপন করা হলো:

**০১.০১ কর্মকর্তা-কর্মচারী কল্যাণ তহবিল পরিচালনার জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে ট্রাস্টী বোর্ড গঠন :**

(১) ব্যবস্থাপনা পরিচালক	-	চেয়ারম্যান
(২) উপব্যবস্থাপনা পরিচালক	-	সদস্য
(৩) মহাব্যবস্থাপক	-	সদস্য
(৪) কেন্দ্রী হিসাব বিভাগের প্রধান	-	সদস্য
(৫) হেড অব এইচ আর	-	সদস্য সচিব


**০১.০২ ব্যাংকের কর্মকর্তা-কর্মচারী কল্যাণ তহবিলের অর্থ সংগ্রহের উৎসঃ**

- (ক) কর্মকর্তা-কর্মচারীদের মাসিক মূল বেতনের ১% (শতকরা এক ভাগ) হারে সর্বোচ্চ ১০০/- টাকা হারে কর্তনকৃত অর্থ জমা করা;
- (খ) বিনষ্টযোগ্য ব্যাংকের পুরাতন কাগজপত্র ও অন্যান্য সামগ্রী (ক্যাপিটাল সামগ্রী ব্যতীত) বিক্রয়লব্ধ অর্থ জমা করা।
- (গ) ব্যাংকের মুনাফা হতে পরিচালনা বোর্ড কর্তৃক সময় সময় নির্ধারিত হারে প্রতি বছর অর্থ জমা করা।
- (ঘ) তহবিলের অর্থ বিনিয়োগের মাধ্যমে প্রাপ্ত মুনাফা/সুদের অর্থ জমা করা।


**০১.০৩ নিম্নবর্ণিত খাতে ব্যয়ের অনুমোদন প্রদান :**

- (ক) কর্মকর্তা-কর্মচারীদের নির্ভরশীল স্ত্রী/স্বামী ও পুত্র-কন্যাদের বড় ধরনের কোন অপারেশন এবং বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ অনুযায়ী চিকিৎসার প্রয়োজনে বিশেষ করে ক্যান্সার, হৃদরোগ, পক্ষাঘাত ও মস্তিষ্কে রক্তক্ষরণজনিত রোগের চিকিৎসার্থে এককালীন সাহায্য প্রদান (প্রাপ্যতা ট্রাস্টী বোর্ড কর্তৃক নির্ধারণযোগ্য);
- (খ) কোন কর্মকর্তা-কর্মচারী সাময়িক অথবা স্থায়ীভাবে অক্ষম হয়ে পড়লে এককালীন অর্থ সাহায্য (প্রাপ্যতা ট্রাস্টী বোর্ড কর্তৃক নির্ধারণযোগ্য);
- (গ) পক্ষু কর্মকর্তা-কর্মচারীদের জন্য সহায়ক হুইল চেয়ার বা স্ক্র্যাচ অর্থপেডিক ডাঙ্কারের সনদক্রমে ক্রয় খরচের বিপরীতে এককালীন সাহায্য প্রদান (প্রাপ্যতা ট্রাস্টী বোর্ড কর্তৃক নির্ধারণযোগ্য);
- (ঘ) মৃত কর্মকর্তা-কর্মচারী নির্ভরশীল কর্তৃক মৃতের লাশ/মরদেহ কবরস্থান/শ্মশান পর্যন্ত পরিবহন খরচ এবং দাফন/অস্তিত্তিক্রিয়া খরচের বিপরীতে এককালীন সাহায্য প্রদান- সর্বোচ্চ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা।

উপরোক্ত নীতিমালা সদয় অনুমোদনের জন্য পর্যদ সভায় স্মারক পেশ করা হলো।

  
(হাসান হেনা পারভীন)  
হেড অব এইচ আর

  
(গাজী মোহাম্মদ জুলহাস এম.জি.সি.)  
উপব্যবস্থাপনা পরিচালক

  
(মোঃ মোশাররফ হোসেন চৌধুরী)  
ব্যবস্থাপনা পরিচালক